

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
মধুখালী, ফরিদপুর।
www.useomadhukhali.gov.bd

তারিখ: ০৯/০৩/২০২৬ খ্রি:।

স্মারক নং-৩৭.০২.০০০০.০০১.৯৩.২০২৬.৫০

বিষয়ঃ মাননীয় প্রধানমন্ত্রীর সবার আগে বাংলাদেশ গড়তে শিক্ষা প্রতিষ্ঠানের গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব ওয়েবসাইটে বিভিন্ন ছবি ও তথ্য আপডেট এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের ওয়েবসাইটে (www.useomadhukhali.gov.bd) স্ব স্ব প্রতিষ্ঠানের আইডি, পাসওয়ার্ড দিয়ে লগইন করে তথ্য প্রেরণ প্রসঙ্গে।

*উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের ওয়েবসাইটে লগইন করে যে সকল তথ্য দিতে হবেঃ


- ১। সভাপতি ও প্রতিষ্ঠান প্রধান এর বায়োডাটা প্রদান করবে।
- ২। লিংক সাবমিট অপশনে প্রতিষ্ঠানের সচল ওয়েব এড্রেস দিতে হবে যা বিটিসিএল থেকে নিতে হবে। সরকারি বিধি মোতাবেক অবশ্যই .edu.bd ডোমেইন হতে হবে।
- ৩। বিষয়ভিত্তিক শিক্ষক, অফিস সহকারী সহ সকল কর্মচারী, ম্যানেজিং কমিটির বায়োডাটা প্রদান করতে হবে।
- ৪। এবতেদায়ী, মাধ্যমিক, ভোকেশনাল ও দাখিল পর্যায়ে বার্ষিক পরীক্ষা ২০২৫ ও বি এম টি, আলিম, এর অর্ধবার্ষিক / নির্বাচনী পরীক্ষা ২০২৬ এর ফলাফললিংক সাবমিট করতে হবে। এ ধারাবাহিকতা প্রতি পরীক্ষায় বজায় রাখতে হবে।
- ৫। জানুয়ারি, ফেব্রুয়ারি ২০২৬ মাসের বিষয়ভিত্তিক ক্লাস টেস্ট পরীক্ষার ফলাফললিংক সাবমিট করতে হবে।

*প্রতিষ্ঠান নিজস্ব ওয়েবসাইটে যে সকল তথ্য দিবে :

- ১। বর্তমান সরকারের সাথে সমন্বয় করে বিভিন্ন ছবি ও ভিডিও শেয়ারিং অপশন চালু করতে হবে।
 - ২। সভাপতি ও প্রতিষ্ঠান প্রধান এর বায়োডাটা প্রদান করতে হবে।
 - ৩। বিষয়ভিত্তিক শিক্ষক, অফিস সহকারী সহ সকল কর্মচারী ও কমিটির বায়োডাটা প্রদান করতে হবে।
 - ৪। রেজাল্ট ম্যানেজমেন্ট সফটওয়্যার ওয়েবসাইটের সাথে সংযুক্ত (intigration) করে এবতেদায়ী, মাধ্যমিক, ভোকেশনাল ও দাখিল পর্যায়ে বার্ষিক পরীক্ষা ২০২৫ ও বি এম টি, আলিম, এর অর্ধবার্ষিক / নির্বাচনী পরীক্ষা ২০২৬ এর ফলাফল সাবমিট করতে হবে (টপসীট, মেরিট সীট, মার্কসীট ওয়েবসাইট থেকে ছাত্রছাত্রীরা ডাউনলোড / প্রিন্ট করে নিবে)।
 - ৫। ক্লাস টেস্ট ম্যানেজমেন্ট সফটওয়্যার ওয়েবসাইটের সাথে সংযুক্ত (intigration) করে জানুয়ারি, ফেব্রুয়ারি ২০২৬ মাসের বিষয়ভিত্তিক ক্লাস টেস্ট পরীক্ষার ফলাফল সাবমিট করতে হবে এবং প্রতি মাসে ধারাবাহিকতা বজায় রাখতে হবে।
 - ৬। কমিটির তফসিল ঘোষণাপত্র সহ সকল চিঠি/নোটিশ আপলোড করতে হবে।
- ওয়েবসাইট রেফারেন্স মডেল (ফলো ডিজাইন প্যাটার্ন): <https://www.kanaipurschoolandcollege.edu.bd/>

বি দ্রঃ প্রতিষ্ঠানের নিজস্ব ওয়েবসাইটে রেজাল্ট ম্যানেজমেন্ট সফটওয়্যার ও ক্লাস টেস্ট সফটওয়্যার ইন্টিগ্রেশন করে অর্ধবার্ষিক / বার্ষিক / নির্বাচনী পরীক্ষার ফলাফল ও বিষয়ভিত্তিক ক্লাস টেস্ট পরীক্ষার ফলাফল সাবমিট করে ওয়েবসাইটে পাবলিশ করলে লিংক পাওয়া যাবে। সেই লিংক উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের ওয়েবসাইটে সাবমিট করতে হবে। অর্ধবার্ষিক / বার্ষিক / নির্বাচনী পরীক্ষার ফলাফল ও ক্লাস টেস্ট সংক্রান্ত তথ্য মোবাইল দিয়ে বিষয়ভিত্তিক শিক্ষক নিজেই আপলোড করবে। যদি কোন শিক্ষক আপলোড না করে তাহার সকল দায় প্রতিষ্ঠান প্রধানের।

ওয়েবসাইট ম্যানেজমেন্ট এর সকল দায়িত্ব আইসিটি শিক্ষক ও অফিস সহকারীকে দেয়া যেতে পারে। তারা উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে এসে কারিগরি সহযোগিতা গ্রহণ করতে পারে। চিঠি মোতাবেক সকল তথ্য ১৫ এপ্রিল (স্কুল), ১৬ এপ্রিল (মাদ্রাসা, কারিগরি) ২০২৬ নিম্ন স্বাক্ষরকারীর অফিসে এসে প্রজেন্টেশন দিবে।


(মোঃ আঃ আউয়াল আকন)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
মধুখালী, ফরিদপুর।
ফোন: +৮৮০২৪৭৮৮০৬৬৯৭
E-mail: useomadhukhali@gmail.com

স্মারক নং-৩৭.০২.০০০০.০০১.৯৩.২০২৬.৫০

তারিখ: ৯/০৩/২০২৬ খ্রি:।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

- ১। জেলা প্রশাসক, ফরিদপুর।
- ২। জেলা শিক্ষা অফিসার, ফরিদপুর।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, মধুখালী, ফরিদপুর।
- ৪। দপ্তর কপি।